

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর কার্যালয়
পুরাতন সংসদ ভবন, ঢাকা।

০৩.৪৫.২৬৯০.০৭০.০৬.০০৮.২০২৬-৩৪
পত্র সংখ্যা

২২ ফাল্গুন, ১৪৩২
তারিখ১২ মার্চ, ২০২৬.....

প্রজ্ঞাপন

দেশব্যাপী প্রাথমিক স্বাস্থ্যসেবা আরও কার্যকর, সমন্বিত ও গণমুখী করার লক্ষ্যে স্বাস্থ্য অধিদপ্তর ও পরিবার পরিকল্পনা অধিদপ্তর এর আওতাধীন মাঠপর্যায়ের স্বাস্থ্যকর্মীদের কার্যক্রম সমন্বয় ও একীভূত কাঠামো প্রণয়নের প্রয়োজনীয়তা বিবেচনায় এবং ভবিষ্যতে এক লক্ষ স্বাস্থ্যকর্মী নিয়োগ, প্রশিক্ষণ ও মাঠপর্যায়ে সমন্বিত তদারকি কাঠামো প্রণয়নের উদ্দেশ্যে নিম্নোক্তভাবে কমিটি গঠন করা হলো:

| | |
|---|--------------|
| ০১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ | : সভাপতি |
| ০২. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব | : সদস্য |
| ০৩. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় | : সদস্য |
| ০৪. সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ | : সদস্য সচিব |
| ০৫. সচিব, অর্থ বিভাগ | : সদস্য |
| ০৬. সচিব, স্থানীয় সরকার বিভাগ | : সদস্য |
| ০৭. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর | : সদস্য |
| ০৮. মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর | : সদস্য |

কমিটির কার্যপরিধি

- স্বাস্থ্য অধিদপ্তর ও পরিবার পরিকল্পনা অধিদপ্তর এর আওতাধীন মাঠপর্যায়ের প্রশাসনিক ও জনবল কাঠামো, দায়িত্ব ও কার্যক্রম পর্যালোচনা করা;
 - হেলথ অ্যাসিস্ট্যান্ট (HA), ফ্যামিলি ওয়েলফেয়ার অ্যাসিস্ট্যান্ট (FWA), কমিউনিটি হেলথ কেয়ার প্রোভাইডার (CHCP) সহ মাঠপর্যায়ের স্বাস্থ্যকর্মীদের জন্য একটি একীভূত মানবসম্পদ কাঠামো প্রস্তাব করা;
 - প্রস্তাবিত ০১ (এক) লক্ষ স্বাস্থ্যকর্মী নিয়োগের জন্য ধাপে ধাপে বাস্তবায়ন পরিকল্পনা প্রণয়ন করা;
 - বিদ্যমান ও নবনিয়োগপ্রাপ্ত স্বাস্থ্যকর্মীদের জন্য সমন্বিত প্রশিক্ষণ কাঠামো ও প্রশিক্ষণ মডিউল প্রণয়ন করা;
 - পরীক্ষামূলক বাস্তবায়নের জন্য পাইলট জেলা নির্বাচন ও বাস্তবায়ন পরিকল্পনা প্রণয়ন করা;
 - কমিটি ১৫ (পনের) কার্যদিবসের মধ্যে সরকারের নিকট একটি পূর্ণাঙ্গ প্রতিবেদন দাখিল করবে।
 - প্রয়োজনবোধে কমিটি যেকোনো বিশেষজ্ঞ বা প্রতিনিধিকে কো-অপ্ট করতে পারবে।
- ২। এটি অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

Dawson
22.6.2026
মোঃ সাখাওয়াত হোসেন
পরিচালক-৩ (প্রতিকল্প)
ফোনঃ ৫৫০২৯৪২৩

ই-মেইল:dir3@pmo.gov.bd

বিতরণ: সদয় অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- সচিব, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- পরিবার পরিকল্পনা অধিদপ্তর, কাওরান বাজার, ঢাকা।
- উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটির ৫০ কপি বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় প্রকাশের অনুরোধ করা হলো)।

চলমান পাতা/২

:২:

অনুলিপি: সদয় অবগতির জন্য

০১. মাননীয় প্রধানমন্ত্রীর একান্ত সচিব-১, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
০২. মুখ্য সচিব/সচিবের একান্ত সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
০৩. নথি।